

লিখিয়ে
দৰ্পণ কবীৰ

সে নাকি লিখিয়ে
এটা ওটা হাতড়ায়
বিবেকটা বিকিয়ে!

কথা বলে হৰদম
কখোন্ যে নেয় দম
বুঝা তা মুশকিল!
তাকে দেখে অনেকে
দরোজায় দেন খিল ।

বেরসিক কেউ কেউ
তাকে দেন গাট্টা
ভাবে সে, ও সব-ই
বিদ্ৰুপ-ঠাট্টা ।

রোগ এক, ভুলে যায়
বাপের-ই নামটা
শ্বশুড়ের নামে রোজ
পড়ে যায় নামতা ।